# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৪

১/ পবিত্রতা (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ২৯. মেসওয়াক করা স্বভাবসুলভ কাজ।

باب السِّوَاكِ مِنَ الْفِطْرَةِ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، وَدَاوُدُ بْنُ شَبِيبٍ، قَالاَ حَدَّثَنَا حَمَّادٌ، عَنْ عَلِيِّ بْنِ زَيْدٍ، عَنْ سَلَمَةَ بْنِ مُحَمَّدِ بْنِ عَمَّارِ بْنِ يَاسِرٍ، قَالَ مُوسَى عَنْ أَبِيهِ، - وَقَالَ دَاوُدُ عَنْ عَمَّارِ بْنِ يَاسِرٍ، - أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ مِنَ الْفِطْرَةِ الْمَضْمَضَةَ وَالاِسْتِنْشَاقَ " . فَذَكَرَ نَحْوَهُ وَلَمْ يَذْكُرْ إِعْفَاءَ اللِّحْيَةِ وَزَادَ " وَالْخِتَانَ " . قَالَ " وَالاِنْتِضَاحَ " . وَلَمْ يَذْكُرِ " انْتِقَاصَ الْمَاءِ " . يَعْنِي الاِسْتِنْجَاءَ . قَالَ أَبُو دَاوُدَ وَرُوِيَ نَحْوُهُ عَنِ ابْنِ عَبَّاسٍ وَقَالَ خَمْسٌ كُلُّهَا فِي الرَّأْسِ وَذَكَرَ فِيهَا الْفَرْقَ وَلَمْ يَذْكُرْ إِعْفَاءَ اللِّحْيَةِ . قَالَ أَبُو دَاوُدَ وَرُوِيَ نَحْوُ حَدِيثِ حَمَّادٍ عَنْ طَلْقِ بْنِ حَبِيبٍ وَمُجَاهِدٍ وَعَنْ بَكْرِ بْنِ عَبْدِ اللَّهِ الْمُزَنِيِّ قَوْلُهُمْ وَلَمْ يَذْكُرُوا إِعْفَاءَ اللِّحْيَةِ . وَفِي حَدِيثِ مُحَمَّدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي مَرْيَمَ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِيهِ وَإِعْفَاءُ اللِّحْيَةِ وَعَنْ إِبْرَاهِيمَ النَّخَعِيِّ نَحْوُهُ وَذَكَرَ إِعْفَاءَ اللِّحْيَةِ وَالْخِتَانَ .

حكم (حديث عمار) حسن، (ما روي عن ابن عباس) صحيح موقوف، (ما روي عن طلق بن حبيب ومجاهد، وعن بكر بن عبد الله المزني) صحيح - عن طلق موقوف، (ما روي عن أبو هريرة) صحيح، (ما روي عن إبراهيم النخعي) صحيح موقوف (الألباني)

বাংলা

৫৪. মূসা ইবনু ইসমাঈল .... আম্মার ইবনু ইয়াসির (রাঃ) হতে বর্ণিত তিনি বলেছেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়া সাল্লাম ইরশাদ করেছেনঃ ফিতরাতের মধ্যে কুলকুচা করা ও নাকে পানি প্রবেশ করানো (শামিল)। অতঃপর রাবী হাদীছটি পুর্বোল্লিখিত হাদীছের অনুরূপ বর্ণনা করেছেন। ব্যতিক্রম এই যে ’দাড়ি লম্বা করা’ (إِعْفَاءَ اللِّحْيَةِ) শব্দটি এখানে উল্লেখিত হয় নাই এবং ’খাতনা করা’ (الْخِتَانِ) শব্দটি এখানে আছে পানি দ্বারা ইস্তিঞ্জা করার পরিবর্তে (الاِنْتِضَاحِ) অর্থাৎ পেশাব-পায়খানা করার পর লজ্জাস্থানের উপর সামান্য পানি ছিটানো শব্দটি ব্যবহার করা হয়েছে। (ইবনু মাজাহ)।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, অনুরূপ হাদীছ ইবনু আব্বাস (রাঃ) হতেও বর্ণিত আছে তবে উক্ত হাদীছের বর্ণনা মতে পাঁচটি ফিতরাতই মাথার মধ্যে পরিলক্ষিত এবং তার মধ্যে একটি হল- (الْفَرْقَ) বা মাথার চুল দুইভাগে বিভক্ত করা সিথি কাটা এবং হাদীছে(إِعْفَاءَ اللِّحْيَةِ) (দাড়ি রাখা) শব্দের উল্লেখ নাই।

ইমাম আবূ দাউদ (রহঃ) আরো বলেন, হাম্মাদ-তালক ইবনু হাবীব, মুজাহিদ ও বাকর ইবনু আবদুল্লাহ আল-মুযানী হতেও অনুরূপ হাদীছ বর্ণনা করেছেন। সেখানেও (إِعْفَاءُ اللِّحْيَةِ) শব্দের উল্লেখ নাই। মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ্ ইবনু আবূ মররিয়ম, আবূ সালামা হতে তিনি আবূ হুরায়রা (রাঃ) হতে এবং তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে যে হাদীছ বর্ণনা করেছেন- উক্ত হাদীছে إِعْفَاءُ اللِّحْيَةِ শব্দের উল্লেখ আছে. ইবরাহীম নাখ্ই হতেও অনুরূপ হাদীছ বর্ণিত আছে এবং তাঁর বর্ণনায়(إِعْفَاءَ اللِّحْيَةِ) দাড়ি লম্বা করা ও(الْخِتَانِ) খাতনা করার কথা উল্লেখ আছে।

## English

Narrated Ammar b. Yasir:

The Apostle of Allaah ( sal Allaahu alayhi wa sallam ) said : The rinsing of mouth and snuffing up water in the nose are acts that bear the characteristics of fitrah (nature). He then narrated a similar tradition (as reported by Aishah), but he did not mention the words "letting the beard grow". He added the words "circumcision" and "sprinkling water on the private part of the body". He did not mention the words "cleansing oneself after easing".

Abu Dawud said : A similar tradition has been reported on the authority of Ibn 'Abbas. He mentioned only five sunnahs all relating to the head, one of them being parting of the hair; it did not include wearing the beard.

Abu Dawud said: The tradition as reported by Hammad has also been transmitted by Talq b. Habib , Mujahid, and Bakr b. 'Abd Allaah b. al-Muzani as their own statement ( not as a tradition from the Prophet, sal Allaahu alayhi wa sallam ).They did not mention the words "letting the beard grow". The version transmitted by Muhammad b. Abd Allaah b. Abi Maryam, Abu

Salamah, and Abu Hurairah from the Prophet ( sal Allaahu alayhi wa sallam ) mentions the words "letting the beard grow". A similar tradition has been reported by Ibrahim al-Nakha'i. He mentioned the words "wearing the beard and circumcision."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আম্মার ইবনু ইয়াসির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16477

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন